
Antik mahmud
নোমান

নোমান

গল্পঃ

অন্তিক মাহমুদ

আঁকাঃ

ঐশিক জাওয়াদ

অন্তিক মাহমুদ

সহকারী আর্টিস্টঃ

জুনাইদ ইশমাম

ওয়াকার বিন জামান

লেটারিংঃ

সামস নবী




‘এই গল্পে সকল চরিত্র এবং ঘটনা কাল্পনিক।
কোনো ব্যক্তি বা গোষ্ঠীর সাথে মিলে গেলে Congratulation।
কিন্তু তারপরেও লেখক, আঁকিয়ে বা তাদের দলের কেউ দায়ী নয়।’

‘নোমান’ অন্তিক মাহমুদের তৈরি একটি কমিক বুক ক্যারেক্টার, যা প্রথম মাসিক পত্রিকা ‘কিশোর আলো’- তে ছাঁপা হয়।

অন্তিক মাহমুদঃ অন্তিক মাহমুদ একজন কার্টুনিস্ট, টু-ডি অ্যানিমেটর এবং ইউটিউবার। নিজের জীবনে ঘটে যাওয়া গল্প মজার ছলে বলে মানুষকে সামান্য বিনোদন দেয়াই তার উদ্দেশ্য। বর্তমানে তিনি নিজের স্টুদিও ‘আন্তিক অ্যানিমেটেড’ এ থেকে কাজ করছেন।

ঐশিক জাওয়াদঃ বাংলাদেশের একজন স্বনামধন্য কার্টুনিস্ট। যিনি ‘The Daily Star’, ‘Star Youth’, ‘উন্মাদ’-এ কার্টুন এঁকে বিনোদন দিয়ে গিয়েছেন। বর্তমানে তিনি ‘কার্টুন পিপল’ এর সাথেও আছেন।


'আলো' প্রতিষ্ঠান এর একজন কর্মকর্তা হলেন মোহাম্মদ নাসিম
আলো
'আলো' প্রতিষ্ঠানটি দেশের বিভিন্ন নিম্নস্তর এলাকায় শিক্ষার আলো ছড়িয়ে দিতে দীর্ঘদিন যাবত কাজ করে আসছে
আলো.Ltd
এইদিকে, অজপাড়াগা কুসংস্কারাচ্ছন্ন একটি গ্রাম হলো "সঙ্করডাঙ্গা"
সঙ্করডাঙ্গা
0.5 KM
গ্রামটির শিক্ষা ব্যবস্থা বলতে গেলে শূন্যের কোঠায়
এই করুন অবস্থা পরিবর্তনের জন্য মোহাম্মদ নাসিম তার মেয়ে ও ছেলেকে নিয়ে গ্রামের উদ্দেশ্যে রওয়ানা দিলেন


পৌঁছানোর পর নাসিম সাহেব জানতে পারেন, গ্রামের আসা যাওয়ার পথে একটি গহীন জঙ্গল পরে, যেখানে আছে একটি পুরানো ভাঙ্গা মন্দির
এই মন্দিরে নাকি থাকে দুইটি অশরীরী শক্তি
খারাপ শক্তি,আকুনো
ভালো শক্তি, ইয়োই
এই ভুতের ভয়ের উপর পুজি করে বিভিন্ন সুবিধাবাদি লোক গ্রামের সাধারন মানুষদের উপর অন্যায় করে যাচ্ছে
নাসিম সাহেব তার দুই সন্তানকে রেস্ট হাউসে রেখে মন্দিরটিকে নিজ চোখে দেখার জন্য রওনা দিলেন
রেস্ট হাউস
ওই দিনই ফিরে আসার কথা ছিল...
কিন্তু তিনি আর ফিরে এলেননা


বর্তমান....
Tap to take a photo. Hold to take a video.
হ্যালো এভরিওয়ান আমি নোমান! আপনাদের সবার প্রিয় একজন সুপারহিরো! আসা করি সবাই ভালো আছেন। কিন্তু আমি ভালো নেই
কারন আজকের দিনটা খুব বোরিং যাচ্ছে। কোনো ক্রাইম নাই আশেপাশে। তাই আপনাদের কোনো ভাল কনটেন্ট আজকে আদৌ দিতে পারবো কিনা বুঝতে পারছিনা! কিন্তু দিন এখনো শেষ হয়নাই। সো এই ভ্লগ চলবে
তো অবশ্যই ভিডিও টা শেষ পর্যন্ত দেখবেন আর লাইক তো মাস্ট! আর যদি চ্যানেলে নতুন হন তাহলে অবশ্যই সাবস্ক্রাইব করবেন


নোমান একজন বাংলাদেশী সুপারহিরো। নোমানের সুপারপাওয়ার হলো অস্থায়ী ক্লোন তৈরি করা
সে হিরোগিরি করে ইউটিউব এ সেটার ভ্লগ আপ্লোড করে
কোনোদিন নোমান চোর ধরে....
কোনো দিন ধরে পকেটমার-কে


নোমান অন্যান্য সুপারহিরোদের মতো নয়। সে মানুষকে সাহায্য করে শুধুমাত্র তা ভ্লগ করে ইউটিউবে আপলোড করার জন্য
তার প্রধান লক্ষ্য ফেমাস হওয়া......
কিন্তু তবুও মানুষ তাকে খুব একটা চিনেনা
নোমান হঠাৎ দেখতে পেলো, ২-৩ জন লোক একটি মেয়েকে ডিসটার্ব করছে
এই দৃশ্য দেখে নোমান কল্পনায় ডুবে গেলো....
উফ্ফ্ নোমান! আমার এই সমস্যা তো দূর করে দিলে... আমার মনের সমস্যা কে দূর করবে?
হা হা! কি যে বলেন! এটা তো আমার দায়িত্ব


বাঁচাওওওও
কেউ আমাকে বাঁচাও
নিজের ভালো চাইলে তোরা ওকে ছেরেদে
এই... তোরা হয়তোবা জানিসনা... আমাকে দেখলে কুত্তার পেটের বাচ্চাও নষ্ট হয়ে যায়
ইউউ!!
পাগল নাকি!!!
কি কয়!!


ধপ!
হে হে হে...
অইটা ক্লোন
নোমান
?
!!
ধড়াম


ঠিক আছো ?
ব্যথা লাগেনিতো
আরে বেটি একটা থ্যাংক ইউ তো বলে যা!!!


এই দিকে একদিন পরেও বাবা না আসার পর...
একদিন হয়ে গেলো বাবা আসেনা! আমি বাবাকে খুঁজতে বের হচ্ছি
বাবা বের হতে মানা করেছে
বাবার ওইদিনই ফেরত আসার কথা যেইদিন বের হইছে
বাবাতো বের হতে মানা করেছে
বাবা ওই জঙ্গলে হারায় গেলে কি করবা? কয়দিন পর যখন রেস্ট হাউসের বিল চাবে তখন কি করবা?
চলো... আমিও যাবো



জঙ্গলের ভিতর দিয়ে যাচ্ছে মায়েশা এবং তালহা...
হঠাৎ তারা দূরে একটা মন্দির দেখতে পায়...
মন্দিরের কাছে গিয়ে মায়েশা আর তালহা চমকে উঠে...


মন্দিরে ঢুকতেই তারা তাদের বাবার লাশ দেখতে পায়
বাবা!!!
মায়েশা তার বাবাকে ছুঁতেই একটি সাদা ধোঁয়া তার মধ্যে ঢুকে যায়


ইয়োই মায়েশার ভিতরে ঢুকে মায়েশাকে দেখায়, কিভাবে তার বাবা মারা গিয়েছিল
যাদের ধরা খাওয়ার ভয় সবচেয়ে বেশি তারা তার বাবাকে কুঁপিয়ে মেরে ফেলে
এরপর তারা যখন তার বাবার মৃত্যু নিশ্চিত করতে লাশের কাছে যায়, ইয়োই এশে সবাইকে ভয় দেখিয়ে তাড়িয়ে দেয়



আমার বাবা মারা যেতোনা... যদি ওরা বেঁচে না থাকতো...
ওরা যেহেতু বাবাকে মেরেছে, ওদেরও বেঁচে থাকার অধিকার নেই
BST


একটা সাদা হাত মায়েশার হাত থেকে বের হয়ে তালহার গলা চেপে শূন্যে ভাসিয়ে তুলে
তুই দেরী না করাইলে হয়তো বাবাকে বাঁচাতে পারতাম
মায়েশা বুঝতে পারে সে ভুল করছে
মায়েশা তালহাকে দূরে ছুড়ে ফেলে দেয়
তুই যেমনে পারিস ঢাকায় চলে যাস। আমি এখানকার ব্যবস্থা করে আসছি



এইদিকে শহরে......
যেই মেয়েকে বাঁচিয়েছি সে আমার সাথে লাইন মারুক কি না মারুক...
অ্যাটলিস্ট ইউটিউবে আপলোড দেওয়ার মতো ভিডিও তো তৈরি করতে পেরেছি
এই ভিডিও নিশ্চয়ই ভাইরাল হবে
দেখি... নতুন ভিডিও তে কি কমেন্ট আসছে
এ কি!!!
DERICK PACO
goriber superman XD
Jibon Ekram
Ami apnake roast korbo
Rinki Anika
Desher ashol shomosshar shathe kobe fight korben? Faltu
Asif Ahmed
life er 5 min waste
Hasan Ahmed
eshob kore super hero hoyna
TS
Balamar


বেশিরভাগ কমেন্ট নেগেটিভ দেখে নোমান ডিপ্রেস্‌ড হয়ে পরলো
কেউই আমাকে সিরিয়াসলি নেয় না, কারণ আমার লাইফে কোনো সিরিয়াস ভিলেন আসে না। কবে যে আমার লাইফে একটা সিরিয়াস ভিলেন আসবে...
নোমান নিজেই জানেনা যে তার কপালে কতো বড় শনি অপেক্ষা করছে...


মন্দিরে...
আলহা কোনো মতে উঠে বসে
এই ব্যাটা! কি হইছে তোর
ওইই! এইদিকে তাকা
তোর বোনকে খুঁজতে এবং তাকে ঠিক করতে আমি তোকে সাহায্য করবো
আওয়াজ টা কি বাক্স থেকে আসছে!! আকুনো??


হ্যাঁ, আমি আকুনো।
এখন বাক্সটা খুলো
কিন্তু আকুনো তো খারাপ আত্মা...
গ্রামের লোকগুলো তো তাই বললো...
আমি কেনো তোমাকে বিশ্বাস করবো?
এমন ভাব নিচ্ছিস,
যেনো তোর অন্য কোনো উপায় আছে


অনেকক্ষন চিন্তা ভাবনা করার পর তালহা সিদ্ধান্ত নিলো যে সে কি করবে...
বাক্স খুলতেই একটি কালো ছায়া বের হয়ে আসে


আচ্ছা আমি একটা সত্যি বলি। আমি আসলেই খারাপ আত্মা। কিন্তু তুই কচি বাচ্চা
তোকে মেরে কিই বা লাভ আমার। আর আমার বোনের সাথে আমার নিজেরও গেঞ্জাম আছে
চল্, দুইজন দুইজনের বোনকে বুঝায় দেই...
ছোট মরিচে ঝাল বেশি


'আলো' প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়...
আলো LTD
যেই কাজগুলো বুঝিয়ে দিয়েছি ঠিক মতো যেন হয়
আর সঙ্করডাঙ্গা এর কি অবস্থা?
ভালোনা স্যার
নাসিম সাহেবের কোনো খোঁজ খবর কি পেয়েছো?
না স্যার।
আমার মনে হয় ওই গ্রামে আরেকটা টিম পাঠানো উচিত
নাসিম সাহেবের মেয়ে মায়েশা আর ছেলে তালহা...কারোরি কোনো খোঁজ খবর নেই
যত তাড়াতাড়ি সম্ভব আরেকটা টিম পাঠাও


'আলো' প্রতিষ্ঠানের অফিসের বাইরে একটি স্ট্রিটসাইড ফুডকোর্টে...
সুপার হিরোগিরি করে ফেমাস না হইতে পারলে কপালে দুঃখ আছে। স্পন্সর পাবোনা...
আসল জব করা লাগবে। মাথা খারাপ!!! কেমনে কি করবো!
এক্সকিউজমি ভাইয়া...
হ্যা হ্যা আমিই নোমান। তুমিকি সেলফি তুলবে???
নাকি অটোগ্রাফ নিবে???
না ভাইয়া... আশেপাশে বসার জায়গা নেইতো
এখানে একটু বসি?
!!
ওহ... অবশ্যই


হঠাৎ করে রাস্তায়
একটি গাড়ি ব্লাস্ট হয়
তোদের জন্য আজ আমার বাবার এই অবস্থা হয়েছে


মায়েশা 'আলো' এর সিইও কে মারতে যায়
আমি কাউকে ছারবোনা
কিন্তু তখনই...
নোমান এসে মায়েশার হাত আটকে ফেলে


তুই আমাকে আটকে দেওয়ার কেরে!!
এই সুযোগ...
আমাদের এখান থেকে তাড়াতাড়ি পালাতে হবে
কই গেলো??
এইখানেই না মাত্র সিইও টাকে দেখলাম। ছেলেটা এসে ডিসটার্ব না করলে...
লোকটা আজ আমার হাত থেকে বাঁচতে পারতোনা


বাম!!!!
এইটার পর নোমানের টিকে থাকার কথানা কিন্তু...
সেখানে নোমান ছিলনা
নোমানও পালায় গেলো!! কিন্তু কিভাবে!!
না আমি মারতে পারলাম 'আলো'র সিইও-কে, না আমি মারতে পারলাম নোমানকে!
নোমান অস্থায়ী ক্লোন তৈরি করে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়
এটা আমি কাকে ফেস করলাম!!
একে হ্যান্ডেল করা আমার পক্ষে পসিবল না



তোর জন্য সুযোগটা নষ্ট হয়ে গেলো
নোমান!


পরের দিন...
নোমানের বাসা
হঠাৎ ডোর বেল বেজে উঠে
DING DONG
আবার কে?
নোমানের তখন মার খেয়ে বেহাল দশা
হাই, আমি তালহা। ভাইয়া তুমি আমাকে চিনবেনা। কিন্তু আমি তোমার ইউটিউব দেখে তোমাকে চিনি।
তোমার সাথে একটু কথা বলা যাবে?
ইক্! ভুত
এমনি আরেকটার সাথে তোমার দেখা হয়েছিল গতকালকে।
আমার বোনের সাথে ছিল।
ওহ্! সরি। ও আকুনো। সমস্যা নাই, ও আমার সাথে আছে।


এক মিনিট! কালকের ওই মাথা খারাপ মেয়ে তোমার বোন ছিল!
আরে ওয়াহ!
হুম্ম্। ওর নাম মায়েশা।
আসলে দোষটা ওর না। ওর সাথে যেই ভুতটা আছে, সেইটা ওকে কন্ট্রল করছে। ওর নাম ইয়োই। ওকে সবাই ভালো ভুত হিসেবে জানে।
এক মিনিট! ও ভালো ভুত?! তোমার এই ভালো ভুতের জন্যনা ভাইয়া আমি ভর্তা হয়ে যাচ্ছিলাম।
এটা আমি নিজেও জানিনা, কেন ওকে ভালো ভুত ডাকে।
কিন্তু আমি এটুকু জানি, ওর কারনে আমার বোন বিপদে আছে। আর আমি একা সামলাতে পারবনা। তাই আমি তোমার সাহায্য চাই। তুমিকি সাহায্য করবে?
অবশ্যই না!


কিন্তু আমিতো একা পারবোনা। আর আমি জানতাম...
তুমিতো এইরকম কেম চাও, তোমার চ্যালেনের জন্য।
ভাইয়া তুমি ভুল বুঝতেসো...
আমি সুস্থ স্বাভাবিক ভিলেন চাইছি, কোনো হরোর মুভি চাই নাই।
মায়েশা আপু আর ইয়োই, আমার আর আকুনোর চেয়ে বেশি শক্তিশালি। তুমি আর আমি একসাথে হলে একটু হলেও চান্স ছিল।
!
কিন্তু আমি জোর করবোনা
আমিও পারবোনা। সরি।


আমিতো মায়েশা আপুর জন্য যাবই। যত যাই হোক, ও আমার বোন। এখন আমি একা সামাল দিতে পারি, আরনা পারি। ওর জন্য আমি যা হয় তাই করবো।
কিন্তু সত্যি বলতে...
এই মুহূর্তে আমি একজন সুপারহিরোর সাহায্য চাচ্ছিলাম। বাই।
বাই।
ওই দিন আলিশা নোমানের আশা হারিয়ে চলে গেল।



পরের দিন...
মায়েশা আর ইয়োই শহরে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক সৃষ্টি করা শুরু করে।
উদ্দেশ্য ছিল, হুমকি দিয়ে 'আলো'র সিইও-কে বের করা।



ব্রেকিং নিউজ...
ঘটনাস্থলে আছে আমাদের রিপোর্টার
BREAKING NEWS
মিরপুরে আতঙ্ক সৃষ্টি করছে অ... অ... অ্যা? অশরীরী আত্মা?
LIVE
ধন্যবাদ তিরা। আমি ঘটনাস্থলে আছি সত্যিই। কিন্তু আমিও বুঝতে পারছিনা হচ্ছেটাকি!
কিন্তু যাই হচ্ছে ভালো কিছু হচ্ছেনা, এতটুকু নিশ্চিত।
মায়েশার এখন অফুরন্ত শক্তি
নেই শুধু নিয়ন্ত্রন...


অনেক মানুষ পালিয়ে গেলেও কিছু মানুষ আটকে গিয়েছিল
মা ও মেয়ের মতো এখানে আরও কিছু মানুষ ছিলো, যারা সুযোগ বুঝে পালাতে পারে নাই।
মায়েশা ইয়োইর বশে পড়ে, মা ও মেয়ের দিকে একটা গাড়ি ছুড়ে মারে


আন্টি, এখান থেকে চলে যান।
সমস্যা নাই। আমি আপনার খেয়াল রাখতিছি।
আকুনো, তুমি রেডি?
নাহ, আমি এখানে নাটক করতে আসছি
হিসাব খুব সিম্পল, মায়েশার ভিতর থেকে ইয়োইকে বের করো...
এরপর বাক্সে ঢুকাও। বেস কাহিনী শেষ।



তালহা এইটা তুই! তুই এখানে কি করিস?
আপু তোমাকে আমি বাঁচাতে আসছি।
তুই আমাকে বাঁচাতে আসছিস ?
আগে ওকে বাঁচা
কনক্রিটটি একটি লোকের দিকে বিপদজনক ভাবে ছুটে গেলো


কিন্তু শেষ মুহূর্তে তালহা সেইটি আটকে ফেলে
কি মিয়া, দাড়ায় আছেন কেন? ভাগেন
তালহা এখনই এখান থেকে চলে যা। গত বার ছেড়ে দিছি, এইবার ছাড়বোনা


এখন আমি সাধারণ মানুষকে বাঁচাবো নাকি মায়েশাকে বাঁচাবো
বুঝছি, ভারটি গেম খেলতেছো
হঠাৎ মায়েশা তালহার দিকে বিল্ডিং এর একটি ভাঙ্গা অংশ ছুড়ে মারে


!!
?
CAW!


সত্যি বল,
আমার এন্ট্রিটা
সেরা হইছেনা?
নোমান
ভাইয়া!!


তুমি না আসবানা বলছিলা?
আরে ধুর।
বুঝতেছো, এই মারামারি ভিডিও ইউটিউবে আপলোড দিলে কি পরিমান ভিউ পাবো!
এখন আপডেট দাও
মায়েশার শক্তি এখন অনেক বেশি ইয়োই এর জন্য। মায়েশাকে এখন সরাসরি অ্যাটাক করতে যাওয়া বোকামি ছাড়া কিছুনা। এরপরেও যদি অ্যাটাক করার জন্য ধারের কাছে যাইতে পারি...
তাহলে সে আশেপাশের কোনো এক সিভিলিয়ানকে অ্যাটাক করে, যাতে তুমি তাকে বাঁচাতে বাধ্য হও। সিভিলিয়ানদের এখান থেকে কিভাবে সরাবো?


আবার কই যাও?
নোমান সরাসরি গেলো মায়েশাকে অ্যাটাক করতে
ধাম!
এতে যা হওয়ার তাই হলো। নোমানই উল্টা আঘাত পেলো।
কিন্তু সাথে সাথে...
আবার!!!


নোমান জানে এভাবে
অ্যাটাক করে লাভ নাই।
তারপরও নোমান
অ্যাটাক করতে যায়।
?!
এবং
প্রতিবারি
উল্টা আঘাত
পায়



ও খুব বারাবারি করতেছে। আমার টেপগুলো আবার গিলাতে হবে।
আশেপাশে কোনো সাধারণ মানুষ জিম্মি নাই। মারেশা তখন বুঝতে পারে আসলে কি হয়েছে।
আরে সবাই কই?!
ওদেরকে এখান থেকে কে সরালো!
আসলে কিছুক্ষণ আগে...
নোমান যেখানেই মার খেয়ে উড়ে উড়ে পরছিলো, সাধারন মানুষকে বাঁচানোর জন্য সেখানেই একটি করে ক্লোন রেখে যাচ্ছিল্লো।


আপু, এই দিকে তাকান...
নোমান মায়েশার বেখেয়ালির সুযোগ নেয়
আরগগ!
মায়েশা গর্জে উঠে


ঢাম!
মেয়েদের গায়ে হাত তুলোস লজ্জা করেনা!
ইয়োই, আমি জানি তুমি শুনতে পারছো
বুঝছি, এভাবে আর হবেনা
আমি তোমার সাথে একটু ব্যবসার আলাপ করতে চাই


ইয়োই, মায়েশা সাধারন একটা মানুষ। আজকে এই যে মারামারি ভাঙ্গাভাঙ্গি ও করলো, দিন শেষে ও এটার যে বোঝা সেটা নিতে পারবেনা। আমি চাইনা ওকে তুমি আর ব্যবহার করো।
আমি জানি তুমি অযথা এভাবে একজনকে ছেড়ে দিবেনা। তাই তোমাকে একটা অফার করছি। তুমি আমার বডিটা নাও। আমার হারানোর কিছু নাই। আমার কোনো ছোটো ভাইও নাই, যাকে আমার দেখে রাখা লাগবে।
আর শুধু চিন্তা কর। তুমি এই এক মায়েশাকে কাবু করে ঢাকা শহরের বারোটা বাজিয়ে দিয়েছো। শুধু মাত্র একটা মানুষ ও । কোনো আহামরি শক্তি ওর নিজের নাই।
কিন্তু আরেক দিকে আছি আমি।
একটু ভেবে দেখ...
একটা নোমানকে বশ করলে এতো গুলা নোমান ফ্রি। অফারটা কিন্তু খারাপ না! ভাবো, একজন মায়েশাকে দিয়ে এতো কিছু করতে পারলে হাজারটা নোমানকে দিয়ে কত কিছু করতে পারবে!


হঠাৎ ইয়োই মায়েশার থেকে বেরিয়ে এলো।
হাহাহা! নোমান খারাপ বলিস নাই তুই। তোকে বশ করলেই আমার লাভ।
এতোদিন আমি এক বাক্সে বন্দি ছিলাম। কিন্তু আজ আমি পুরা পৃথিবী কে বন্দি করে ফেলবো! প্রতিশোধ!
কিন্তু নোমান এর ভেতর ঢুকতে যাওয়ার সাথে সাথেই নোমান হারিয়ে যায়।
কিহ! এটাও ক্লোন!
আসলটা কই তাহলে?
জিতে গেসি ব্রো!
BST


বহত হইছে।
আর না!
নাআআআ
তালহা বাক্স খুলতেই সেটা
ইয়োই কে শুষে নেয়!


ওইদিন এর মতো সমাপ্ত


কয়েকদিন পরের কথা...
তালহারা এখন ঢাকার বাইরে কোনো এক আত্মীয় এর বাসায় থাকে।
সিকিউরিটির কারনে আমি বা কেউই জানিনা এক্সাক্ট লোকেশনটা কই। তবে 'আলো'র লোকেরাই সব ব্যবস্থা করে দিয়েছে।
আকুনো এখনো তালহার সাথে থাকলেও...
মায়েশার সাথে ইয়োই নেই। ঢাকায় যে ধ্বংসযজ্ঞ হয়েছে সেটার জন্য মায়েশা কিন্তু দায়ী না। ইয়োই এর কাজই হচ্ছে তোমার মধ্যের সকল আবেগ বাড়িয়ে দেওয়া। তা সে ভালো খারাপ যাই হোক।
মায়েশার বাবা মারা যাবার পর মায়েশার ভেতরের খোভ টাই ইয়োই বাড়িয়ে দেয়। এখানে মায়েশার কোন নিয়ন্ত্রন ছিলো না। কিন্তু এটা তো আর পাব্লিক বুঝবেনা।
তাই আপাতত মায়েশা পাব্লিক ইন্টারেকশন থেকে বিচ্ছিন্ন আছে।


ঢাকার ঘটনার পরপরই তালহা আর আকুনো মিলে ইয়োইকে কোথাও লুকিয়ে রেখে এসেছে, যাতে কেউই জানতে না পারে ওইটা কই। আলো ফাউন্ডেশন এর সি ই ও এর উপর মায়েশা অ্যাটাক করলেও, তাদেরকে আমরা বুঝাতে পেরেছি দোষ মায়েশার না।
তারা বরং আরো আরেকটা টিম সঙ্করডাঙ্গায় পাঠিয়ে দিয়েছে নাসিম আঙ্কেল এর কাজ শেষ করার জন্য।
আর আমি? আমি ঢাকায়ই আছি। দিনকাল আগের মতোই যাচ্ছে। আহামরি কিছু হচ্ছেনা। প্রথম সুপার ভিলেনের সাথে ফাইট করলাম।
এক্সপেরিয়েন্স ভালোই ভয়ানক ছিলো। কিন্তু শিক্ষনীয়ও ছিলো।
YouTube
Search
যাই হোক আজকের জন্য এতোটুকুই। পরের ভিডিও-তে আবার দেখা হবে।
ভিডিও টা ভালো লাগলে লাইক দিবেন, শেয়ার করবেন। কমেন্ট এ জানাবেন কেমন ভিডিও চান।
আর অবশ্যই সাবস্ক্রাইব করবেন।
I fought a ghost?? Not clickbait!
549,485 views • Premiered Jan 14,
35K
666
SHARE
NOMAN
200K subscribers
ANALYTICS

